গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ শাখা।

বিষয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক প্রেরিত ২০১৮-২০১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ২য় কোয়ার্টার এর অগ্রগতি পর্যালোচনার জন্য ফিডব্যাক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: কামাল উদ্দিন তালুকদার,<br>সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| তারিখ | : | ০৯/০১/২০১৯ ইং। |
| সময় | : | বিকাল ৩.৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ। |

সভায় উপস্থিতি পরিশিষ্ট-'ক'-তে সংযুক্ত করা হলো।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে (ভবন নং-৭, কক্ষ নং-৬৩৩, ৭ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের উপর ২য় কোয়ার্টার এর জাতীয় শুদ্ধাচার কৌশল অগ্রগতি বিষয়ক ফিডব্যাক সভা গত ০৯/০১/২০১৯ তারিখে সকাল ৩.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা 'পরিশিষ্ট-ক'-তে দ্রষ্টব্য। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি এ বিভাগের NIS-এর টিম প্রধান জনাব মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

**আলোচনা :**

NIS-এর টিম প্রধান জনাব মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-এ বিভাগের দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের পরিবীক্ষণ ছক মোতাবেক ২য় কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি অধিনস্থ দপ্তর/সংস্থাগুলোর ২০১৮-১৯ NIS-এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। বিভিন্ন দপ্তর/সংস্থার বেশ কিছু সূচকের ক্ষেত্রে ২য় কোয়ার্টার পর্যন্ত আনুপাতিক অর্জন সন্তোষজনক না হওয়ায় সভাপতি মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। তিনি NIS-এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হওয়ার পরামর্শ প্রদানসহ প্রয়োজনবোধে দপ্তর/সংস্থা সমূহের NIS-এর সংশ্লিষ্টদেরকে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। তিনি আরো জানান যে, প্রত্যেক দপ্তর/সংস্থাকে প্রতিমাসে অন্তত: একটি ভিডিও কনফারেন্স করতে হবে। এ ছাড়া সকল দপ্তর/সংস্থা হতে নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্যও পরামর্শ প্রদান করেন।

**দপ্তর/সংস্থার আইসিটি বিষয়ক কার্যক্রম পর্যালোচনা করে নিম্নলিখিত ত্রুটিসমূহ পরিলিক্ষিত হয় :**

**১। সমবায় অধিদপ্তর:**

- ১.৩ সূচক ২৪ সেপ্টেম্বর,২০১৮ সর্বশেষ হালনাগাদ করা হয়েছে। এছাড়া অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য জিআরএস সেবাবক্সে সংযোজন না করে শুদ্ধাচার সেবাবক্স এ সংযোজিত হয়েছে।
- ৭.২ সূচক ২৪ সেপ্টেম্বর, ২০১৮ সর্বশেষ হালনাগাদ করা হয়েছে যা ৩১/১২/২০১৮ পর্যন্ত হালনাগাদ হওয়া উচিত ছিল।

**২। বিআরডিবি:**

- ৭.২ সূচকে অভিযোগ ব্যবস্থাপনা সেবাবক্স এর জিআরএস প্রতিবেদনে কোন লিঙ্ক দেয়া হয়নি।

**৩। বার্ড :**

- সকল তথ্য হালনাগাদকৃত। কোনো ত্রুটি না থাকায় বার্ড কর্তৃপক্ষ ধন্যবাদ পেতে পারেন।

**৪। আরডিএ:**

- ১.৩ সূচকের শুদ্ধাচার আইকন নির্ধারিত ওয়েবসাইট (www.logo.gov.bd) হতে নিতে হবে।

**৫। বাপার্ড:**

- ১.৩, ৪.১, ৪.৪, ৭.২ হালনাগাদকৃত।
- শুদ্ধাচার সেবাবক্স হতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের শুদ্ধাচার কৌশল বাদ দিতে হবে।

**৬। এসএফডিএফ:**

- ৪.৪ সূচকে মাননীয় মন্ত্রী এবং প্রতিমন্ত্রীর তথ্য হালনাগাদ করা হয়নি।

**৭। পিডিবিএফ:**

- ১.৩ সূচকে উল্লেখিত শুদ্ধাচার সেবাবক্স নেই।
- ৪.১ সূচকে উল্লেখিত তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ নেই।

**৮। মিল্কভিটা:**

- ১.৩ সূচকের শুদ্ধাচার আইকন নির্ধারিত ওয়েবসাইট (www.logo.gov.bd) হতে নিতে হবে।
- ৪.৪ সূচকে ব্যবস্থাপনা পরিচালক এর তথ্য হালনাগাদ করা হয়নি।

**৯। একটি বাড়ি একটি খামার প্রকল্প:**

- সকল সূচক হালনাগাদকৃত। ফলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ধন্যবাদ পেতে পারেন।

**মন্তব্য:**

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ওয়েব পোর্টালের ডানব্লকে মাননীয় প্রধানমন্ত্রী, মন্ত্রী এবং প্রতিমন্ত্রী'র ছবি আপলোড করতে হবে।

**বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:**

১) প্রতি কোয়ার্টারে অন্তত: ১টি করে ভিডিও কনফারেন্স-এর আয়োজন করতে হবে। ৩য় কোয়ার্টারের ভিডিও কনফারেন্স আয়োজনের জন্য আইসিটি ও পরিকল্পনা শাখার উইং প্রধানকে পত্র প্রেরণ করতে হবে;

২) প্রতি কোয়ার্টারে অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ প্রদান করতে হবে;

৩) বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনায় অন্তর্ভূক্ত কার্যক্রম বাস্তবায়ন ও চালুকৃত উদ্ভাবনী উদ্যোগ/সহজীকৃত সেবা পরিবীক্ষনের প্রমানক অর্জন পরবর্তী কার্যক্রমের জন্য অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) বরাবর পত্র প্রেরণ করতে হবে;

৪) জরুরী পত্রাদি/নোটিশ প্রেরণের ক্ষেত্রে ই-মেইল ও এস এম এস-এর মাধ্যমে অবগত করতে হবে;

৫) নির্ধারিত সময়ের মধ্যে আইন ও বিধিমালা সংশোধনের বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মহোদয়কে জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে;

৬) টার্গেট অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়সমূহের জন্য অতি দ্রুততার সাথে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করে অত্র শাখায় অবহিত করার জন্য প্রশাসন শাখা-১ কে নির্দেশ প্রদান করতে হবে;

৭) নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধচার পুরস্কার প্রদানের কার্যক্রম সম্পন্ন করার জন্য ১ এপ্রিল হতে কার্যক্রম শুরু করতে হবে;

৮) ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যে সকল দপ্তর/সংস্থা ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থ হয়েছে তাদেরকে ২য় কোয়ার্টারের ঘাটতিসহ ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে;

৯) সকল শাখা প্রধান তাদের স্ব-স্ব শাখার শুদ্ধাচারের উপর কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাযথ মনিটরিং-এর ব্যবস্থা গ্রহণ করবেন।

১০) সকল দপ্তর/সংস্থাকে সিটিজেন চার্টার অনুযায়ী ১০০% সেবা নিশ্চিত করতে হবে।

১১) সেবা প্রদানের ক্ষেত্রে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারী এবং অধীনস্থ সকল দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা-কর্মচারীকে ১০০% ভাগ সততা ও নিষ্ঠার পরিচয় দিতে হবে।

১২) পরবর্তী কোয়ার্টারে পূর্বের ঘাটতিসহ ৩য় ত্রৈমাসিক পর্যন্ত সম্পূর্ণ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

০২। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/২/২০

(মো: কামাল উদ্দিন তালুকদার)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।